গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowca.gov.bd

নং- ৩২.০০.০০০০.০০০.০১৮.১১.০০৩১.১৭.৩৫৯

তারিখ: ২৯ জুলাই ২০২৫ খ্রি.
১৪ শ্রাবণ ১৪৩২ বাং

## প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ২৩/০৩/২০২৫ তারিখের ৮০.০০.০০০০,৩০১(গোপনীয়).১১.২৭৫০.২০২৫-৯৮ নং পত্রের সুপারিশের পরিপ্রেক্ষিতে সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯-এর আলোকে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী ৬ষ্ঠ গ্রেডের প্রারম্ভিক স্কেলে (৩৫,৫০০-৬৭,০১০/-টাকা) বিধি অনুযায়ী প্রদেয় ভাতাদিসহ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের 'প্রোগ্রামার' এর স্থায়ী শূন্য পদের বিপরীতে নিম্নবর্ণিত প্রার্থীকে অস্থায়ীভাবে বর্ণিত শর্তে 'প্রোগ্রামার' পদে (নন-ক্যাডার) নিয়োগ প্রদান করা হলো:

| ক্রম | রেজি নং | নাম, পিতা ও মাতার নাম এবং জন্ম তারিখ | স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা | নিয়োগ/পদায়নকৃত পদ ও কর্মস্থল |
|---|---|---|---|---|---|
| ১. | ০০০০৬৯ | মো: কায়ছার আব্দুল্লাহ<br>পিতা: মো: জনাব আলী<br>মাতা: মোসা: শামীমা পারভীন | গ্রাম: কালিকাপুর, পো: কালিকাপুর-৬৪১০, উপজেলা: বাগাতিপাড়া জেলা: নাটোর | ২৭২/২৮ বাতেন নগর আ/এ, মাজার রোড, মিরপুর-১, ঢাকা | প্রোগ্রামার<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |

**নিয়োগের শর্তাবলী:**

(ক) নিয়োগপ্রাপ্ত কর্মকতার চাকুরির প্রথম দুবছর শিক্ষানবিশকাল (Probation) হিসেবে গণ্য হবে। সাফল্যজনকভাবে শিক্ষানবিশকাল সমাপ্ত হওয়ার পর সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা অনুযায়ী চাকুরীতে স্থায়ী করার বিষয় সরকার পরবর্তীতে বিবেচনা করবে এবং এ বিষয়ে যথাসময়ে ও প্রযোজ্য ক্ষেত্রে পৃথক পৃথক সরকারি আদেশ জারী করবে;

(খ) শিক্ষানবিশকালে তার আচরণ ও কর্ম সন্তোষজনক বলে বিবেচিত না হলে সরকার কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে তার চাকুরীর অবসান ঘটাতে পারবেন;

(গ) চাকুরিতে যোগদানের জন্য তিনি কোন প্রকার ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না;

(ঘ) এ নিয়োগ যোগদানের তারিখ হতে কার্যকর হবে;

(ঙ) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা আগামী ০৭/০৮/২০২৫ তারিখের মধ্যে সিনিয়র সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা বরাবর যোগদান করবেন;

(চ) যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিয়ে করে থাকেন অথবা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন তবে নাগরিকত্ব বিষয়ে প্রচলিত আইন অনুযায়ী তার ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ছ) চাকুরিতে যোগদানকালে তাকে যোগদান পত্রের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড দাখিল করতে হবে যে, তিনি নিজে বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না বা কোন যৌতুক দিবেন না;

(জ) প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তার জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(ঝ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়েছে বা হয়নি, এরূপক্ষেত্রে তাঁর চাকুরি সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী এবং সরকারের প্রচলিত সকল আইন, বিধি-বিধান ও আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য সকল আইন, বিধি-বিধান ও আদেশ অনুসারে নিয়ন্ত্রিত হবে;

(ঞ) যোগদানের সময় সকল সনদের মূল কপি দাখিল করতে হবে;

(ট) The Government Servants (Conduct Rules), ১৯৭৯ এর ১৩ (১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরীতে যোগদানের সময় সরকারের নিকট জমা দিতে হবে; এবং

(ঠ) যদি তিনি কোন দপ্তর/সংস্থায় বর্তমানে চাকরিরত থাকেন তবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট থেকে অব্যাহতি নিয়ে অব্যাহতি পত্রের সত্যায়িত অনুলিপি যোগদান পত্রের সাথে জমা দিতে হবে।

(ড) সরকারের স্থায়ী পদের বিপরীতে অস্থায়ীভাবে এ নিয়োগ দেয়া হলো।

০২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৯/০৭/২০২৫

মমতাজ আহমেদ এনডিসি
সিনিয়র সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

নং- ৩২.০০.০০০০.০০০.০১৮.১১.০০৩১.১৭.৩৫৯

তারিখ: ২৯ জুলাই ২০২৫ খ্রি. / ১৪ শ্রাবণ ১৪৩২ বাং

অনুলিপি: অবগতি/সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়;
২. উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধ করা হলো)
৩. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিস, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়;
৪. জনাব মো: কায়ছার আব্দুল্লাহ, পিতা: মো: জনাব আলী, মাতা: মোসা: শামীমা পারভীন, স্থায়ী ঠিকানা: গ্রাম- কালিকাপুর, পো- কালিকাপুর-৬৪১০, উপজেলা- বাগাতিপাড়া, জেলা- নাটোর, বর্তমান ঠিকানা: ২৭২/২৮ বাতেন নগর আ/এ, মাজার রোড, মিরপুর-১, ঢাকা;
৫. সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৬. হিসাবরক্ষণ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়;
৭. অফিস কপি।